



জাতীয় মানবাধিকার কমিশন

(২০০৯ সালের জাতীয় মানবাধিকার কমিশন আইন দ্বারা প্রতিষ্ঠিত একটি সংবিধিবদ্ধ স্বাধীন রাষ্ট্রীয় প্রতিষ্ঠান)

বিটিএমসি ভবন (৯ম তলা), ৭-৯ কারওয়ান বাজার, ঢাকা-১২১৫

ই-মেইলঃ info@nhrc.org.bd

স্মারক নং: এনএইচআরসিবি/প্রেস:বিজ্ঞঃ/ -২৩৯/১৩-১১০

তারিখঃ ০২ জানুয়ারি ২০২১

প্রেস বিজ্ঞপ্তি-

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি আয়শা খানম এর মৃত্যুতে জাতীয় মানবাধিকার কমিশনের চেয়ারম্যানের শোক

বাংলাদেশ মহিলা পরিষদের সভাপতি বীর মুক্তিযোদ্ধা ও একজন বলিষ্ঠ মানবাধিকারকর্মী আয়শা খানমের মৃত্যুতে গভীর শোক প্রকাশ করেছেন জাতীয় মানবাধিকার কমিশনের মাননীয় চেয়ারম্যান নাছিমা বেগম এনডিসি।

তিনি আজ এক শোকবার্তায় মরহমার বিদেহী আত্মার মাগফেরাত কামনা করেন এবং তাঁর শোকসন্তপ্ত পরিবারের সদস্য ও অনুসারীদের প্রতি গভীর সমবেদনা জ্ঞাপন করেন।

শোকবার্তায় নাছিমা বেগম এনডিসি জানান, বীর মুক্তিযোদ্ধা আয়শা খানম মহান মুক্তিযুদ্ধসহ সকল গণতান্ত্রিক ও প্রগতিশীল আন্দোলনে সক্রিয়ভাবে জড়িত ছিলেন। মানবাধিকার সুরক্ষায় তাঁর অবদান অতুলনীয়। নারীর অধিকার সমুল্লত রাখার সংগ্রামে তিনি বলিষ্ঠ ভূমিকা রেখে গেছেন। তাঁর মৃত্যুতে দেশের নারী সমাজ একজন সাহসী সহযোদ্ধা ও মানবাধিকার কর্মীকে হারালো।

ধন্যবাদান্তে,

স্বাক্ষরিত/-

ফারহানা সাঈদ

জনসংযোগ কর্মকর্তা

জাতীয় মানবাধিকার কমিশন, বাংলাদেশ